তারিখ 11 SEP 2016
পৃষ্ঠা ২৫ কলাম ২

দৈনিক
ইত্তেফাক

# তিন শতাধিক শিক্ষক ঈদে বেতন বোনাস বঞ্চিত

■ আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

আগৈলঝাড়ায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষক-কর্মচারী ঈদের আগে বোনাস ও বেতন না পেয়ে ঈদুল আজহার আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। ঈদের আগে বেতন ও বোনাস না পাওয়ায় শিক্ষকদের মাঝে চরম ক্ষোভ দেখা দিয়েছে।

বিক্ষুব্ধ শিক্ষকরা জানান, উপজেলার ৩৮টি শিক্ষা প্রতিষ্ঠানের তিন শতাধিক শিক্ষক-কর্মচারী আগস্ট মাসের বেতন ও ঈদের বোনাস পাননি। বেতন ও ঈদ বোনাস না পেয়ে তাদের পরিবার-পরিজন নিয়ে ঈদ আনন্দ থেকে বঞ্চিত হচ্ছেন। এ ঘটনায় শিক্ষকদের মাঝে চরম ক্ষোভ বিরাজ করছে।

তারা আরো জানান, রূপালী ও অগ্রণী ব্যাংকের হিসাবধারী শিক্ষকরা বেতন ও বোনাস পেলেও আগৈলঝাড়া সোনালী ব্যাংক শাখার হিসাবধারী তিন শতাধিক শিক্ষক বেতন ও বোনাস থেকে বঞ্চিত হয়েছেন। এ ব্যাপারে আগৈলঝাড়া সোনালী ব্যাংক শাখা ব্যবস্থাপক আমিনুল ইসলাম অনৈতিক লাভের অভিযোগ অস্বীকার করে জানান, 'অফিসের শেষ দিন বৃহস্পতিবার যে কোনো বিদ্যালয়ের শিক্ষকরা এসেছেন আমরা তাদের বেতন ও বোনাস দিয়েছি। ওই দিন সন্ধ্যা ৬টা পর্যন্ত শিক্ষকদের জন্য কাজ করেছি আমরা।'